৬/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# চট্টগ্রাম ভার্সিটিতে অচলাবস্থা অব্যাহত ॥ পরীক্ষা অনুষ্ঠানে অনিশ্চয়তা

চট্টগ্রাম ভার্সিটি হইতে সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা অব্যাহত থাকায় পরীক্ষা গ্রহণ অনিশ্চিত হইয়া পড়িয়াছে। চলতি সপ্তাহে বিশ্ববিদ্যালয়ের ৩৩ বিভাগের প্রায় (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে অচলাবস্থা

(১ম পৃঃ পর)

অর্ধশতাধিক পরীক্ষা চলমান অচলাবস্থার কারণে আটকা পড়িয়াছে। বিশ্ববিদ্যালয় রেল স্টেশনে ছাত্রলীগ নেতাকর্মীদের উপর শিবিরের হামলার প্রতিবাদে ছাত্রলীগ পরদিন হইতে ক্যাম্পাসে লাগাতার অবরোধ জারি করিয়াছে, অবরোধের দ্বিতীয় দিনে গতকাল সোমবারও কোন ক্লাস ও পরীক্ষা হয় নাই। কয়েকটি বিভাগের ছাত্রছাত্রীরা পরীক্ষা দিতে গেলেও উপস্থিতির সংখ্যা কম হওয়ায় পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয় নাই। শাটল ট্রেন ও হাতে গোনা কয়েকটি বাস চলাচল করিলেও যাত্রীর সংখ্যা ছিল নগণ্য। অচলাবস্থা দীর্ঘস্থায়ী হইলে ১ম পর্ব ভর্তি কার্যক্রম ব্যাহত হইবে। চলতি মাসের ১৪ তারিখ হইতে ১ম বর্ষ ভর্তি ফরম বিতরণ শুরু হওয়ার কথা। ৪ সদস্যের তদন্ত কমিটি এখনও কাজকর্ম শুরু করিতে পারে নাই। লাগাতার অবরোধ চলাকালে গতকাল ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় ১ নম্বর সড়কের মুখে ও মদনহাট এলাকায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করিয়াছে।

### উদ্বেগ

গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সভায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সিন্ডিকেট সভা স্থগিত করায় তীব্র নিন্দা জানায়। সভায় বলা হয়, এ ঘটনা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ। অধ্যাপক বেনু কুমার দে'র সভাপতিত্বে শিক্ষক সমিতির নির্বাহী পরিষদের সভায় ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠ পরিবেশ রক্ষায় সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।